

কি সেবা কিভাবে পাবেন

ক্রমিক নং	সেবার নাম	সেবা গ্রহণকারী	সেবা প্রদানের পদ্ধতি	কার্য নিষ্পত্তির সর্বোচ্চ সময়	সেবা প্রদানকারী কর্তৃপক্ষ
১.	গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ	উপকারভোগী জনগণ/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ	উপজেলার অন্তর্গত সকল উপজেলা ও ইউনিয়ন সড়কের বাস্তব অবস্থা, যানবাহন চলাচলের সংখ্যা এবং সড়কের সেতু/কালভার্ট এর অবস্থা পর্যবেক্ষণ করে ডাটাবেজ উপজেলা প্রকৌশলী জেলার নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে প্রেরণ করবে। নির্বাহী প্রকৌশলী তার আওতাধীন সকল উপজেলার ডাটাবেজ হালনাগাদ করে আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলীর অফিসে প্রেরণ করবে। সদর দপ্তর রক্ষণাবেক্ষণ ইউনিট প্রাপ্ত হালনাগাদ ডাটাবেজের আলোকে সফটওয়্যারের সাহায্যে জেলাওয়ারী রক্ষণাবেক্ষণ চাহিদা নিরূপন করবে। জেলার নির্বাহী প্রকৌশলী প্রাথমিক স্কিমগুলি উপজেলা প্রকৌশলীর মাধ্যমে যাচাই বাছাই করে সম্ভাব্য প্রাক্কলন প্রণয়ন করবে এবং অনুমোদনের জন্য আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নিকট প্রেরণ করবে- যা যাচাই বাছাই শেষে অনুমোদনের পর সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী দরপত্র আহ্বান করে রক্ষণাবেক্ষণ নির্দেশিকার আলোকে রক্ষণাবেক্ষণ কাজ বাস্তবায়ন করবে।	সর্বোচ্চ ৬ মাস	১। সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী ২। জেলার নির্বাহী প্রকৌশলী ৩। আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী
২)	বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan)	ঠিকাদার/ সরবরাহকারী /পরামর্শক ইত্যাদি	সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালক DPP তে প্রাক্কলিত মোট ক্রয় পরিকল্পনা অনুযায়ী বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan) প্রণয়ন করতঃ প্রধান প্রকৌশলীর অনুমোদনের পর নোটিশ বোর্ড/ এলজিইডি'র ওয়েবসাইটে প্রকাশ করেন এব প্রকল্পের আওতাভুক্ত জেলার নির্বাহী প্রকৌশলীদের নিকট প্রেরণ করেন। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী উক্ত পরিকল্পনাটি নোটিশ বোর্ডে প্রকাশ করতঃ সংশ্লিষ্ট জেলার ক্রয়কার্যক্রম শুরু করার ব্যবস্থা গ্রহণ করেন।	প্রতি তিন মাস অন্তর হালনাগাদ করা হয়।	সংশ্লিষ্ট ক্রয়কারী (Procurement Entity)

ক্রমিক নং	সেবার নাম	সেবা গ্রহণকারী	সেবা প্রদানের পদ্ধতি	কার্য নিষ্পত্তির সর্বোচ্চ সময়	সেবা প্রদানকারী কর্তৃপক্ষ
৩)	বিজ্ঞাপন বা দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ।	ঠিকাদার/ সরবরাহকারী /পরামর্শক/ আগ্রহী দরপত্রদাতা প্রতিষ্ঠান	পিপিআর-২০০৮ এর বিধি অনুযায়ী দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়ে থাকে।	পিপিআর-২০০৮ অনুযায়ী	সংশ্লিষ্ট ক্রয়কারী (Procurement Entity)
৪)	প্রাক- দরপত্র সভা আহ্বান।	- ঐ-	দরপত্র দাতাগণের দরপত্র দলিল বা দরপত্র সংশ্লিষ্ট কোন প্রশ্ন বা ব্যাখ্যা প্রদানের লক্ষ্যে প্রাক- দরপত্র সভা আহ্বান করা হয়ে থাকে। উক্ত সভার কার্যবিবরণী দরপত্র ক্রয়কারী সকল দরপত্র দাতাগণের নিকট প্রদান করা হয়ে থাকে।	পিপিআর-২০০৮ অনুযায়ী	- ঐ-
৫.	মান নিয়ন্ত্রণ সংক্রান্ত ল্যাব টেস্ট সেবা।	সরকারী, বে- সরকারী, স্বায়ত্বশাসিত, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, ঠিকাদার বা আগ্রহী ব্যক্তিবর্গ।	এলজিইডি'র নিজস্ব কাজের মান নিয়ন্ত্রণ টেস্ট, অন্য কোন সরকারী বা বে- সরকারী বা ব্যক্তি পর্যায়ে অনুরোধ/ আবেদনের প্রেক্ষিতে ল্যাব টেস্ট প্রদান করছে। আবেদনকারী নির্ধারিত টেস্ট ফি ট্রেজারী চালানোর মাধ্যমে জমা প্রদান করতঃ ল্যাব ইন চার্জ এর নিকট আবেদন করলে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে টেস্ট করার পরপরই টেস্ট ফলাফল রিপোর্ট প্রদান করা হয়।	সংশ্লিষ্ট টেস্ট করার জন্য নির্ধারিত সময়সীমার ৭ দিনের মধ্যে।	জেলার নির্বাহী প্রকৌশলী
৬.	নির্মাণ কাজের যন্ত্রপাতি ও যানবাহন ভাড়া প্রদান	- ঐ-	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর বা অন্য কোন সরকারী/বে- সরকারী সংস্থা বা ব্যক্তি পর্যায়ের নির্মাণ কাজের জন্য যন্ত্রপাতি ও যানবাহন এলজিইডি'র জেলা পর্যায়ের নির্বাহী প্রকৌশলীর অফিস থেকে অনুমোদিত ভাড়া তালিকা অনুযায়ী নির্ধারিত ভাড়া প্রদান করলে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে ভাড়া দেয়া হয়।	ভাড়ার জন্য উপযুক্ত থাকা সাপেক্ষে ৩ দিন।	জেলার নির্বাহী প্রকৌশলী
৭.	জিআইএস ম্যাপ সরবরাহ	সরকারী/বে- সরকারী সংস্থা/ স্থানীয় সরকার প্রতিষ্ঠান	উন্নয়নমূলক কর্মকান্ডের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের সুবিধার্থে অনুমোদিত ফি তালিকা অনুযায়ী ফি প্রদান করলে জেলা ও উপজেলা ম্যাপ সরবরাহ করা হয়ে থাকে।	৭ দিন	জেলার নির্বাহী প্রকৌশলী (মজুদ থাকা স্বাপেক্ষে) এবং সহকারী প্রকৌশলী জিআইএস ইউনিট লেভেল- ৪ এলজিইডি ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭।

ক্রমিক নং	সেবার নাম	সেবা গ্রহণকারী	সেবা প্রদানের পদ্ধতি	কার্য নিষ্পত্তির সর্বোচ্চ সময়	সেবা প্রদানকারী কর্তৃপক্ষ
৮.	কৃষি কাজে ভূ- উপরিষ্কৃত ক্ষুদ্রাকার পানি সম্পদ ও টেকসই ব্যবস্থাপনার ক্ষেত্রে বিভিন্ন সমস্যার সমাধান	স্থানীয় স্বার্থ সংশ্লিষ্ট জনগণ/ ইউনিয়ন পরিষদ	গ্রামীণ এলাকার অনূর্ধ্ব ১০০০ হেক্টর বা ২৫০০ একর জমিতে কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পানি সংক্রান্ত যে কোন সমস্যা যেমন সেচ এলাকা বৃদ্ধি, পানি সংরক্ষণ, বন্যা ব্যবস্থাপনা ও জলাবদ্ধতা দূরীকরণের জন্য সংশ্লিষ্ট জনগণ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের মাধ্যমে অথবা সরাসরি এলজিইডি'র উপজেলা প্রকৌশলী/ নির্বাহী প্রকৌশলী/প্রকল্প পরিচালক এর নিকট আবেদন করতে পারেন। আবেদনের ৬ মাসের মধ্যে প্রকল্পটি বাস্তবায়নযোগ্য কিনা সে ব্যাপারে অবহিত হবেন। বাস্তবায়নযোগ্য হলে দেড় থেকে দুই বছরের মধ্যে প্রকল্প সফল পাবেন।	প্রকল্প চলাকালীন ২ বছরের মধ্যে	১। সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী ২। নির্বাহী প্রকৌশলী ৩। প্রকল্প পরিচালক ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৯.	উপ- প্রকল্পের স্থানীয় স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তিদের সমন্বয়ে পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) গঠন ও আর্থ- সামাজিক উন্নয়নে প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদান।	স্থানীয় স্বার্থ সংশ্লিষ্ট জনগণ/ ইউনিয়ন পরিষদ	উক্ত প্রকল্প এলাকার জনগণ পানি সম্পদ ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) গঠনে সার্বিক সহায়তা পাবেন। পাবসস এর দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সাংগঠনিক, দারিদ্র হ্রাসকরণ, আর্থিক লেনদেন হিসাব, কৃষি উন্নয়ন, গবাদিপশু ও হাঁসমুরগী পালন, মৎস্য চাষসহ অন্যান্য সামাজিক উন্নয়ন কাজে প্রশিক্ষণ সহায়তা পাবেন।	উপ- প্রকল্পের প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী	- ঙ্